# বাংলা একাডেমি আয়োজিত
# অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৪

বাংলা একাডেমি

# বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৪

(নির্বাহী পরিষদের ২৬শে অগ্রহায়ণ ১৪৩০/১১ই ডিসেম্বর ২০২৩ তারিখের ১৬তম সভায় অনুমোদিত)

**অমর একুশে বইমেলা ২০২৩ নীতিমালা ও নিয়মাবলি রহিতপূর্বক সংশোধনসহ উহা পুনঃপ্রণয়ন ও সংহত করিবার উদ্দেশ্যে প্রণীত নীতিমালা**

যেহেতু অমর একুশে বইমেলা ২০২৩ নীতিমালা ও নিয়মাবলি রহিতপূর্বক সংশোধনসহ উহা পুনঃপ্রণয়ন ও সংহত করিবার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়; সেহেতু বাংলা একাডেমি আইন, ২০১৩-এর ২৪.১ (খ) ধারা অনুযায়ী এতদ্বারা নিম্নরূপ বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৪ প্রণয়ন করা হইলো :

**১. সংক্ষিপ্ত শিরোনাম**

এই নীতিমালা 'বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৪' নামে অভিহিত হইবে।

২. এই নীতিমালা অমর একুশে বইমেলার জন্য প্রযোজ্য হইবে। তবে প্রয়োজনে সময় সময় উদ্ভূত পরিস্থিতিতে সংশোধন ও সংযোজন করা যাইবে।

**৩. সংজ্ঞা**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়–

ক. 'একাডেমি' অর্থ বাংলা একাডেমি আইন, ২০১৩-এর ধারা ৩-এর অধীন প্রতিষ্ঠিত বাংলা একাডেমি;

খ. 'নীতিমালা' অর্থ বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৪;

গ. 'নির্বাহী পরিষদ' অর্থ বাংলা একাডেমি আইন, ২০১৩-এর ধারা ২৩-এর অধীন গঠিত নির্বাহী পরিষদ;

ঘ. 'মহাপরিচালক' অর্থ বাংলা একাডেমি আইন, ২০১৩-এর ধারা ২৬-এর অধীন নিযুক্ত একাডেমির মহাপরিচালক;

ঙ. 'সভাপতি' অর্থ ধারা ৪.২-এর অধীন নিযুক্ত কমিটির সভাপতি;

চ. 'পরিচালনা কমিটি' অর্থ ধারা ৪-এর অধীন গঠিত অমর একুশে বইমেলা পরিচালনা কমিটি;

ছ. 'কার্যালয়' অর্থ ধারা ৬-এর অধীন স্থাপিত কার্যালয়;



জ. 'স্টল' অর্থ অমর একুশে বইমেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত স্টল, প্যাভেলিয়ন, লিটলম্যাগ স্টল;

ঝ. 'পূর্ববর্তী বৎসর' অর্থ গ্রেগরীয় বর্ষপঞ্জি অনুযায়ী যেই বৎসর মেলা অনুষ্ঠিত হইবে তাহার আগের বৎসর;

ঞ. 'নতুন বই' অর্থ পূর্ববর্তী বৎসরের ১লা মার্চ হইতে বইমেলা আয়োজনের বৎসরের ফেব্রুয়ারি মাসব্যাপী প্রকাশিত বই;

ট. 'কর্তৃপক্ষ' অর্থ বাংলা একাডেমি কর্তৃপক্ষ;

ঠ. 'সদস্য-সচিব' অর্থ ধারা ৪.৩-এর অধীন নিযুক্ত কমিটির সদস্য-সচিব;

ড. 'বইমেলা প্রাঙ্গণ' অর্থ বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহ্‌রাওয়ার্দী উদ্যান/বইমেলার জন্য নির্ধারিত স্থান;

ঢ. 'লিটলম্যাগ' অর্থ লিটল ম্যাগাজিন বুঝাইবে;

**৪. লক্ষ্য ও উদ্দেশ্য**

ক. জ্ঞান ও বুদ্ধিবৃত্তিক জাতি গঠনের লক্ষ্যে প্রতিবৎসর 'অমর একুশে বইমেলা' আয়োজন।

খ. ভাষা-চেতনা ও একুশের চেতনা জাগরূক রাখা, গ্রন্থপাঠে উদ্‌বুদ্ধকরণ, বাংলা ভাষা-সাহিত্য-সংস্কৃতি-ঐতিহ্য এবং চিন্তা-চেতনার মানসম্পন্ন চর্চার প্রচার ও প্রসার এবং দেশীয় প্রকাশনা শিল্পকে পৃষ্ঠপোষকতা প্রদান।

**৫. বইমেলা পরিচালনা কমিটি**

**৫.১** বইমেলা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য 'অমর একুশে বইমেলা পরিচালনা কমিটি' নামে একটি কমিটি থাকিবে।

৫.২ পরিচালনা কমিটির গঠন নিম্নরূপ হইবে :

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, বাংলা একাডেমি | সভাপতি |
| ২. | সদস্য, নির্বাহী পরিষদ (মহাপরিচালক মনোনীত) | সদস্য |
| ৩. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (মহাপরিচালক মনোনীত) | সদস্য |
| ৪. | সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট | সদস্য |
| ৫. | প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৬. | সিন্ডিকেট সদস্য (ঢাকা বিশ্ববিদ্যালয় মনোনীত) | সদস্য |
| ৭. | ট্রাস্টি, মুক্তিযুদ্ধ জাদুঘর | সদস্য |
| ৮. | অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | মহাপরিচালক, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর | সদস্য |
| ১০. | মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর | সদস্য |
| ১১. | রেজিস্ট্রার অব কপিরাইট, বাংলাদেশ কপিরাইট অফিস | সদস্য |
| ১২. | পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র | সদস্য |
| ১৩. | সচিব, বাংলা একাডেমি | সদস্য |

১৪. পরিচালক, অনুবাদ, পাঠ্যপুস্তক ও আন্তর্জাতিক সংযোগ বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৫. পরিচালক, গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৬. পরিচালক, জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৭. পরিচালক, গ্রন্থাগার বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৮. পরিচালক, সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৯. পরিচালক, প্রশাসন, মানবসম্পদ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ, বাংলা একাডেমি সদস্য
২০. পরিচালক, ফোকলোর, জাদুঘর ও মহাফেজখানা বিভাগ, বাংলা একাডেমি সদস্য
২১. পরিচালক, বিক্রয় বিপণন ও পুনর্মুদ্রণ বিভাগ, বাংলা একাডেমি সদস্য
২২. প্রতিনিধি ৪ জন, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি সদস্য
২৩. উপকমিশনার (রমনা), ঢাকা মেট্রোপলিটন পুলিশ সদস্য
২৪. অতিরিক্ত উপকমিশনার (রমনা জোন), ঢাকা মেট্রোপলিটন পুলিশ সদস্য
২৫. উপপরিচালক, হিরবা উপবিভাগ, বাংলা একাডেমি সদস্য
২৬. উপপরিচালক, প্রশাসন উপবিভাগ, বাংলা একাডেমি সদস্য
২৭. উপপরিচালক, বিক্রয় ও বিপণন উপবিভাগ, বাংলা একাডেমি সদস্য
২৮. উপপরিচালক, জনসংযোগ উপবিভাগ, বাংলা একাডেমি সদস্য
২৯. অফিসার-ইন-চার্জ, শাহবাগ থানা সদস্য

৫.৩ মহাপরিচালক একাডেমির পরিচালকগণের মধ্য হইতে ১ (এক) জনকে সদস্য-সচিব মনোনীত করিবেন।

৫.৪ প্রতিবৎসর বইমেলা পরিচালনার জন্য নির্বাহী পরিষদ 'পরিচালনা কমিটি' অনুমোদন করিবে।

৫.৫ সভাপতি প্রয়োজনে সদস্য সহযোজন করিতে পারিবেন।

**৬. বইমেলার প্রতিপাদ্য**

৬.১ প্রতিবৎসর বইমেলার জন্য স্বতন্ত্র প্রতিপাদ্য নির্ধারণ করা হইবে। পরিচালনা কমিটি প্রতিপাদ্য নির্ধারণ করিবেন।

৬.২ বইমেলার সামগ্রিক নান্দনিকতা, অলংকরণ, সৌন্দর্য ও বিন্যাসে নির্ধারিত প্রতিপাদ্যের প্রতিফলন থাকিবে।

**৭. বইমেলা কার্যালয়**

অমর একুশে বইমেলার সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কর্তৃপক্ষের সম্পূর্ণ নিয়ন্ত্রণে একাডেমিতে একটি 'অমর একুশে বইমেলা পরিচালনা কার্যালয়' থাকিবে। বইমেলার যাবতীয় কাজ এই কার্যালয় হইতে পরিচালনা ও নিয়ন্ত্রণ করা হইবে।

**৮. বইমেলার স্থান ও পরিস্থিতি**

৮.১ একাডেমি প্রাঙ্গণ ও একাডেমি সংলগ্ন সোহ্‌রাওয়ার্দী উদ্যানের নির্ধারিত স্থানে বইমেলা অনুষ্ঠিত হইবে।



৮.২ প্রাকৃতিক দুর্যোগ কিংবা অনুরূপ কোনো বিরূপ পরিস্থিতির উদ্ভব হইলে সরকারি নির্দেশনা অনুযায়ী বইমেলার জন্য নির্ধারিত স্থান সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

**৯. বইমেলার সময়**

৯.১ মহান ভাষা আন্দোলন ও অমর একুশের প্রতি শ্রদ্ধাজ্ঞাপনার্থে একাডেমি আয়োজিত বইমেলা প্রতিবছর ১লা ফেব্রুয়ারি হইতে মাসব্যাপী অনুষ্ঠিত হইবে।

৯.২ বইমেলা সাপ্তাহিক ছুটির দিন ও একুশে ফেব্রুয়ারি ব্যতীত প্রতিদিন বেলা ৩:০০টা হইতে রাত ৯:০০টা; ছুটির দিন সকাল ১১:০০টা হইতে রাত ৯:০০টা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকিবে। শুক্রবার বেলা ১:০০টা হইতে বেলা ৩:০০টা ও শনিবার বেলা ১:০০টা হইতে বেলা ২:০০টা পর্যন্ত বিরতি থাকিবে।

৯.৩ শুক্রবার ও শনিবার সকাল ১১:০০টা হইতে বেলা ১:০০টা পর্যন্ত শিশুপ্রহর থাকিবে।

৯.৪ একুশে ফেব্রুয়ারি প্রথম প্রহর অর্থাৎ সকাল ৭:০০টা হইতে রাত ৯:০০টা পর্যন্ত বইমেলা সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকিবে। বেলা ১:০০টা হইতে বেলা ৩:০০টা পর্যন্ত বিরতি থাকিবে।

**১০. বইমেলা উদ্‌বোধন**

১০.১ প্রতিবছর ১লা ফেব্রুয়ারি 'বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা' উদ্‌বোধন করা হইবে।

১০.২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা উদ্‌বোধন করিবেন (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতি সাপেক্ষে)।

**১১. বইমেলার প্রকৃতি**

১১.১ বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশকগণ কেবল বাংলাদেশে মুদ্রিত ও প্রকাশিত বাংলাদেশের লেখকদের মৌলিক/অনূদিত/সম্পাদিত/সংকলিত বই বিক্রয় করিতে পারিবেন। অনুবাদের ক্ষেত্রে মূল লেখক/প্রকাশকের অনুমতিপত্র থাকিতে হইবে।

১১.২ বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশকগণ গাইড ও গাইড জাতীয় এবং পাইরেটকৃত বই সংরক্ষণ, প্রদর্শন বা বিক্রয় করিতে পারিবেন না। এই ধরনের কোনো বই কোনো স্টলে পাওয়া গেলে উক্ত স্টল তাৎক্ষণিকভাবে বন্ধ করিয়া দেওয়া হইবে এবং ওই প্রকাশনা প্রতিষ্ঠানকে উক্ত বৎসর এবং পরবর্তী এক বৎসরের জন্য কালো তালিকাভুক্ত করা হইবে।

১১.৩ বইমেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ কেবল নিজেদের প্রকাশিত ও পরিবেশিত বই বিক্রয় করিবে।

১১.৪ বাংলাদেশ ও অন্যকোনো দেশের সহিত যৌথভাবে প্রকাশিত বই প্রদর্শন বা বিক্রয় করা যাইবে না।

## ১২. স্টল বরাদ্দের বিজ্ঞাপন

বইয়ের স্টল বরাদ্দের জন্য জাতীয় দৈনিক সংবাদপত্র এবং বাংলা একাডেমির ওয়েবসাইট www.banglaacademy.gov.bd-তে বিজ্ঞাপন প্রচার করা হইবে।

## ১৩. বইয়ের স্টল

যেইসব প্রকাশনা প্রতিষ্ঠান বইমেলায় স্টল বরাদ্দের জন্য পরিচালনা কমিটি কর্তৃক বিবেচিত হইবে কেবল ওই সকল প্রকাশনা প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত সাইজের স্টল তৈরি করা হইবে।

## ১৪. স্টল বরাদ্দের আবেদন করিবার পদ্ধতি

১৪.১ ক. বইমেলায় অংশগ্রহণ করিতে আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠানকে একাডেমির ওয়েবসাইট অথবা একাডেমি হইতে আবেদনপত্র সংগ্রহ ও যথাযথভাবে পূরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আপলোড করিতে হইবে অথবা সদস্য-সচিবের নিকট জমা দিতে হইবে।

খ. পূর্ববর্তী বৎসরে বইমেলায় অংশ নিয়াছে এমন প্রকাশনা প্রতিষ্ঠানসমূহকে বিজ্ঞাপন অনুসারে আবেদন করিতে হইবে।

গ. নতুন আবেদনকারী প্রকাশনা প্রতিষ্ঠানসমূহকে একাডেমির ওয়েবসাইট হইতে বা একাডেমি হইতে 'তথ্যফরম' সংগ্রহ করিয়া যথাযথভাবে পূরণপূর্বক নতুন প্রকাশিত বই ও প্রয়োজনীয় কাগজপত্রসহ সদস্য-সচিবের নিকট জমা দিতে হইবে।

ঘ. পূর্ববর্তী বৎসরে যেই সকল প্রতিষ্ঠান যেই মানের/ধরনের স্টল বরাদ্দ পাইয়াছিল তাহারা নিয়মানুযায়ী সেই মানের/ধরনের স্টল পাইবে। তবে, যেই সকল প্রতিষ্ঠান পূর্ববর্তী বৎসর অপেক্ষা অতিরিক্ত ইউনিট অথবা স্টলের পরিবর্তে প্যাভিলিয়ন পাইতে আগ্রহী, তাহাদের সদস্য-সচিব বরাবর আবেদন করিতে হইবে;

ঙ. আবেদনপত্রের সাথে অবশ্যই একাডেমি কর্তৃক অঙ্গীকারপত্র সংযুক্ত করিতে হইবে।

চ. অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিষ্ঠানের আবেদনপত্রে নিজস্ব ঠিকানা (হোল্ডিং নম্বর ও অফিস) থাকিতে হইবে।



১৪.২ পরিচালনা কমিটি কর্তৃক নীতিমালার আলোকে সংশ্লিষ্ট কাগজ/দলিল যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক নতুন আবেদনকারী প্রকাশনা প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দের অনুমতি প্রদান করা হইবে।

১৪.৩ পূর্ববর্তী বৎসরে বইমেলায় অংশ নিয়াছে এমন প্রকাশনা প্রতিষ্ঠানকে তালিকা প্রকাশের পর স্টলের কাঠামো নির্মাণ ও আনুষঙ্গিক ব্যয়ের অংশ হিসেবে স্টল ভাড়ার অর্থ 'বাংলা একাডেমি অমর একুশে বইমেলা' শীর্ষক সঞ্চয়ী হিসাব নম্বর ০২০০০১৪০৪৯২৩১-এ জমা প্রদান করিতে হইবে। অর্থ জমা প্রদানের রসিদ অনলাইনে আপলোড করিতে এবং রসিদের ফটোকপি একাডেমিতে জমা প্রদান করিতে হইবে।

## ১৫. বইমেলার গেটপাস

১৫.১ **স্টল কর্মীর গেটপাস :** স্টলের প্রতিটি গেটপাসের জন্য একাডেমির কোষাধ্যক্ষের নিকট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অর্থ জমা প্রদান করিতে হইবে এবং অর্থ জমার রসিদ সংগ্রহ করিয়া এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ একাডেমির নিরাপত্তা শাখায় জমা দেওয়ার পর গেটপাস ইস্যু করা হইবে। একাডেমির নিরাপত্তা কর্মকর্তা স্টলের জন্য প্রয়োজনীয় গেটপাস সরবরাহ করিবেন।

১৫.২ **স্বত্বাধিকারীর গেটপাস :** বইমেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের স্বত্বাধিকারীর গেটপাসের জন্য একাডেমির কোষাধ্যক্ষের নিকট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অর্থ জমা প্রদান করিতে হইবে এবং জমার রশিদ সংগ্রহ করিয়া দুইকপি পাসপোর্ট সাইজের ছবিসহ একডেমির বিক্রয় ও বিপণন উপবিভাগে জমা দেওয়ার পর গেটপাস সরবরাহ করা হইবে।

## ১৬. স্টল ও প্যাভিলিয়নের আকার

১৬.১ স্টলের আকার : মেলা প্রাঙ্গণে প্রতিটি ০১ (এক) ইউনিটের স্টলের আকার দৈর্ঘ্য ৮´×প্রস্থ ৮´, ০২ (দুই) ইউনিটের জন্য দৈর্ঘ্য ১৬´×প্রস্থ ৮´, ০৩ (তিন) ইউনিটের জন্য দৈর্ঘ্য ২৪´×প্রস্থ ৮´, ০৪ (চার) ইউনিটের জন্য দৈর্ঘ্য ৩২´×প্রস্থ ৮´ হইবে। সাইনবোর্ড নকশাসহ স্টলের সর্বোচ্চ উচ্চতা ১৬´ হইবে।

১৬.২ প্যাভিলিয়নের আকার : (ক) দৈর্ঘ্য ২০´×প্রস্থ ২০´ ও (খ) দৈর্ঘ্য ২৪´×প্রস্থ ২৪´ হইবে। সাইনবোর্ড নকশাসহ প্যাভিলিয়নের সর্বোচ্চ উচ্চতা ২০´ হইবে।

১৬.৩ কোনো অবস্থাতেই স্টল/প্যাভিলিয়নের আকার/উচ্চতা বৃদ্ধি করা যাইবে না। স্টল ও প্যাভিলিয়নের আকার/উচ্চতা নির্ধারিত মাপের অতিরিক্ত হইলে তাহা পরিচালনা কমিটি/টাস্কফোর্স/কর্তৃপক্ষ অপসারণের ব্যবস্থা করিবেন।

### ১৭. স্টল ও প্যাভিলিয়নের ভাড়া

বইমেলায় স্টল ও প্যাভিলিয়নের ভাড়া পরিচালনা কমিটির সুপারিশের ভিত্তিতে নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে নির্ধারিত হইবে।

### ১৮. অংশগ্রহণের যোগ্যতা

১৮.১ ইতিপূর্বে বইমেলায় কখনো অংশগ্রহণ করেনি এমন পুরানো পুস্তক প্রকাশনা প্রতিষ্ঠানের যদি সর্বমোট ১০০টি অথবা বিগত এক বৎসরের মধ্যে কমপক্ষে ২৫টি মানসম্মত এবং সম্পূর্ণ নতুন প্রকাশকদের ক্ষেত্রে বিগত তিন বৎসরে ৩০টি মানসম্মত সৃজনশীল সাহিত্য, বিজ্ঞান ও গবেষণাধর্মী বই প্রকাশ করিয়া থাকে তাহা হইলে তাহাদের স্টল বরাদ্দ দেওয়া হইবে। প্রকাশিত বই অবশ্যই পরিচালনা কমিটির বিবেচনায় মানসম্মত হইতে হইবে।

১৮.২ ট্রেড-লাইসেন্স অনুযায়ী প্রতিষ্ঠানের বয়সকাল ৩ (তিন) বৎসর হওয়া বাঞ্ছনীয়।

১৮.৩ যেইসব বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষা সংক্রান্ত উল্লেখযোগ্য সংখ্যক মানসম্মত বই রহিয়াছে তাহাদের স্টল বরাদ্দের বিষয়টি পরিচালনা কমিটি বিশেষভাবে বিবেচনা করিতে পারিবেন।

১৮.৪ আবেদনপত্রের সাথে প্রকাশনা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড-লাইসেন্স, আয়কর সনদ, লেখকের সহিত সম্পাদিত চুক্তিপত্রের কপি এবং প্রকাশিত বই জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে জমা দেওয়ার প্রত্যয়নপত্র, প্রকাশনা প্রতিষ্ঠান কর্তৃক লেখককে রয়্যালিটি প্রদানের প্রমাণপত্র ও অগ্নি-সাইক্লোন বীমার সত্যায়িত ফটোকপি জমা প্রদান করিতে হইবে। কোনো প্রকাশনা প্রতিষ্ঠানের বিরুদ্ধে রয়্যালিটি প্রদান না করার অভিযোগ উত্থাপিত হইলে সেই প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরিচালনা কমিটি ব্যবস্থাগ্রহণ করিতে পারিবে।

১৮.৫ বইমেলায় অংশগ্রহণের যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে চিরায়ত- গ্রন্থ বিবেচিত হইবে না।

### ১৯. অংশগ্রহণের অযোগ্যতা

১৯.১ যেই প্রকাশনা প্রতিষ্ঠান ইতিপূর্বে একাডেমির প্রাপ্য অর্থ পরিশোধ করে নাই;



১৯.২ যেই প্রকাশনা প্রতিষ্ঠান পূর্ববর্তী বৎসর মেলায় নির্ধারিত সময়ের মধ্যে স্টল চালু করিতে না-পারার কারণে কিংবা মেলা শেষ হওয়ার আগেই মেলা পরিত্যাগ বা স্টল বন্ধ করিয়া দেওয়ার কারণে কিংবা নীতিমালা ভঙ্গ করিবার কারণে অযোগ্য ঘোষিত হইয়াছে;

১৯.৩ যেইসব প্রতিষ্ঠান শর্ত পূরণে সক্ষম হয়নি সেইসব প্রতিষ্ঠানের আবেদন বিবেচনা করা হইবে না;

১৯.৪ একাডেমির কোনো কর্মকর্তা ও কর্মচারী এবং বইমেলা পরিচালনার সহিত সংশ্লিষ্ট ব্যক্তি মেলায় কোনো স্টলের জন্য আবেদন করিতে পারিবেন না।

### ২০. স্টল বরাদ্দ

২০.১ পরিচালনা কমিটি কর্তৃক লটারির মাধ্যমে প্রকাশনা প্রতিষ্ঠানের স্টলের স্থান বরাদ্দ করা হইবে।

২০.২ ক. লটারির ফল স্থান বরাদ্দের জন্য চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। লটারিতে প্রাপ্ত স্থানেই বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে স্টল নির্মাণ করিতে হইবে। বরাদ্দপ্রাপ্ত স্থানে নির্ধারিত সময়ের মধ্যে স্টল নির্মাণ না করিলে অভিযুক্ত প্রতিষ্ঠানের বরাদ্দ বাতিলসহ পরিচালনা কমিটি কর্তৃক প্রদত্ত শাস্তি প্রাপ্য হইবে।

খ. বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান লটারির পূর্বে স্টল নির্মাণের কোনো সামগ্রী একাডেমি প্রাঙ্গণ ও সংলগ্ন এলাকায় আনিতে পারিবে না।

### ২১. অংশগ্রহণের শর্ত

২১.১ ক. কোনো অংশগ্রহণকারী বরাদ্দপ্রাপ্ত স্টল কোনো অবস্থাতেই অন্য কাহাকেও হস্তান্তর করিতে পারিবেন না বা তাহার স্টল কাহারো স্টলের সহিত বিনিময় করিতে কিংবা স্টলের নাম পরিবর্তন বা স্টলের নামের সহিত অন্য নাম যুক্ত করিতে পারিবেন না। এইরূপ কিছু ঘটিলে তৎক্ষণাৎ তাহার স্টল বরাদ্দ বাতিল করা হইবে।

খ. গত ১ (এক) বৎসরে প্রকাশিত বইয়ের তালিকা জমা প্রদান করিতে হইবে।

গ. বইমেলা চলাকালীন প্রকাশিত সকল বই প্রচারের জন্য তথ্যকেন্দ্রে জমা প্রদান করিতে হইবে।

ঘ. ব্যক্তি পর্যায়ে প্রকাশিত বই পরিবেশক নির্ধারণ করিয়া উক্ত স্টলে প্রদর্শন ও বিক্রয় করিতে পারিবে।

ঙ. বইমেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান, প্রকাশক ও পরিবেশক ব্যতীত কোনো বই প্রদর্শন বা বিক্রয় করা যাইবে না।

চ. প্রতিটি বইয়ে ISBN নম্বর থাকিতে হইবে। ISBN নম্বর ব্যতীত তথ্যকেন্দ্রে বই জমা নেওয়া ও প্রচার করা যাইবে না।

২১.২ ক. স্টলসজ্জার সকল দায়িত্ব ও ব্যয় বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান বহন করিবে। এই ক্ষেত্রে একাডেমি বা পরিচালনা কমিটি কোনোরূপ আর্থিক দায় গ্রহণ করিবে না।

খ. কোনো অংশগ্রহণকারী তাহার স্টলের সামনের/পাশের জায়গা দখল করিয়া কোনো কিছু রাখিতে/নির্মাণ করিতে/প্রদর্শন করিতে পারিবে না।

গ. বইমেলা চলাকালীন আকস্মিক কোনো প্রকার দুর্ঘটনা বা অনাকাঙ্ক্ষিত অবস্থার সৃষ্টি হইলে তাহার জন্য মেলাপ্রাঙ্গণ ও সংলগ্ন এলাকায়/স্টলের সামনে সভা-সমাবেশ বা কোনো প্রকার বিদ্রুপাত্মক বিষয় প্রদর্শন করা যাইবে না।

ঘ. প্রত্যেক অংশগ্রহণকারী তাহার স্টল বইমেলার উদ্দেশ্য ও প্রতিপাদ্যের সহিত সঙ্গতিপূর্ণ ও রুচিসম্মতভাবে সাজানোর ব্যবস্থা গ্রহণ করিবেন।

ঙ. কোনো সহজ দাহ্যপদার্থ–যেমন খড়, শন, গোলপাতা, পাটখড়ি ইত্যাদি দিয়া স্টল নির্মাণ করা যাইবে না। স্টলে কোনো প্রকার কয়েল, ইলেকট্রিক কেটলি, হিটার, চুলা ব্যবহার/জ্বালানো যাইবে না। অন্যথায় স্টল বরাদ্দ বাতিল করা হইবে।

চ. স্টলে অবশ্যই অগ্নি-নির্বাপণ যন্ত্র রাখিতে হইবে।

ছ. প্রতিদিন বইমেলা শুরুর নির্ধারিত সময়ের পূর্বে ও কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সময়ের মধ্যে নির্ধারিত প্রবেশপথে প্রকাশকদের মেলা প্রাঙ্গণে বই আনিবার ব্যবস্থা করিতে হইবে। মেলা আরম্ভের পর কোনোক্রমেই বই আনা যাইবে না। রাত ৯:০০টার পর কোনো স্টল খোলা রাখা যাইবে না এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কোনো স্টলে রাতে লোক রাখা যাইবে না।

জ. রাত ৯:০০টার পর বিনা অনুমতিতে কোনো প্রকাশক মেলাপ্রাঙ্গণ হইতে বই বাহিরে নিয়া যাইতে বা ভিতরে আনিতে পারিবে না।

২১.৩ বইমেলার নির্ধারিত সময়ের পর অর্থাৎ রাত ৯:০০টায় স্টলের বৈদ্যুতিক সংযোগ বন্ধ করিয়া দেওয়া হইবে। রাত ৯:১৫ টার মধ্যে অবশ্যই সকলকে মেলাপ্রাঙ্গণ ত্যাগ করিতে হইবে।



২১.৪ স্টলে বাল্ব ব্যবহারের ক্ষেত্রে সরকারের বিদ্যুৎসাশ্রয় নীতি অনুসরণ করিতে হইবে। প্রতি ১ ইউনিটের স্টলে সর্বাধিক ৪টি (প্রতিটি ৪০ ওয়াট) এনার্জিসেভিং বাল্ব ব্যবহার করা যাইবে। ২, ৩, ৪ ইউনিটের স্টল ও প্যাভিলিয়ন আনুপাতিক হারে বর্ধিত পরিমাণের বাল্ব ব্যবহার করিতে পারিবে। কোনো অবস্থাতেই স্টল/প্যাভিলিয়নে হ্যালোজেন/সাধারণ বাল্ব বা অন্য ধরনের উচ্চ ক্ষমতাসম্পন্ন বাল্ব ব্যবহার করা যাইবে না। স্টলের অভ্যন্তরে মূলসংযোগের জন্য ৩ আরএম এবং অবশিষ্ট ওয়্যারিংয়ের জন্য ১.৫ আরএম তার ব্যবহার করিতে হইবে। অন্যথায় সংশ্লিষ্ট টেকনিক্যাল কমিটি তাহাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২১.৫ স্টলসজ্জা ও পরিচালনার জন্য অংশগ্রহণকারীগণ যেইসব বই ও দ্রব্য বইমেলা প্রাঙ্গণে আনিবেন, সেইসব আনা-নেওয়া ও মেলা চলাকালীন সেইসবের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব তাহারাই বহন করিবেন।

২১.৬ স্টলে সংরক্ষিত/প্রদর্শিত বই প্রতিদিন মেলা শেষে নিজ দায়িত্বে নিরাপদে রাখিয়া যাইতে হইবে। সেইক্ষেত্রে ট্রাঙ্ক/বড়ো আকারের বাক্স ব্যবহার করা যাইতে পারে।

২১.৭ মেলায় আনীত বই ও আনুষঙ্গিক দ্রব্য মেলা প্রাঙ্গণের বাহিরে নেওয়ার সময় একাডেমির নিরাপত্তা কর্মকর্তা প্রত্যয়ন করিবেন; তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবশ্যই গেটপাস প্রদর্শন করিতে হইবে।

২১.৮ মেলার প্রস্তুতিপর্বে বা চলাকালীন বা বন্ধ থাকাকালীন বা শেষে কোনো চুরি বা দুর্ঘটনা বা অগ্নিকাণ্ড বা অন্যকোনো আইনবিরোধী ঘটনা বা বিশৃঙ্খলার জন্য একাডেমি অথবা পরিচালনা কমিটি দায়ী থাকিবে না এবং উপর্যুক্ত কারণে একাডেমি বা পরিচালনা কমিটির নিকট হইতে কোনো ক্ষতিপূরণ চাওয়া যাইবে না কিংবা একাডেমি বা পরিচালনা কমিটির বিরুদ্ধে কোনো মামলা দায়ের করা যাইবে না।

২১.০৯ বাংলা একাডেমি নিয়ন্ত্রিত কেন্দ্রীয় শব্দযন্ত্র ব্যতীত কোনো ধরনের শব্দযন্ত্র মেলা প্রাঙ্গণে ব্যবহার করা যাইবে না।

২১.১০ অংশগ্রহণকারী প্রতিষ্ঠান তাহার স্টল/প্যাভিলিয়নে একাডেমি কর্তৃক নির্ধারিত স্পন্সর ব্যতীত অন্যকোনো কোম্পানি/প্রতিষ্ঠানের ব্রান্ডিং কর্মকাণ্ড/প্রদর্শন এবং অন্যকোনো প্রস্তাব গ্রহণ করিতে পারিবে না।

২১.১১ বইমেলার কাজে একাডেমি বা পরিচালনা কমিটি কর্তৃক নিয়োজিত বা একাডেমিতে কর্মরত কোনো ব্যক্তিকে কোনো অংশগ্রহণকারী তাহার ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক কাজে নিয়োগ করিতে পারিবে না বা তাহাকে কোনো আর্থিক সুবিধা প্রদান করিতে পারিবে না।

২১.১২ বইমেলা শেষ না হওয়া পর্যন্ত কোনো অংশগ্রহণকারী প্রতিষ্ঠান মেলা পরিত্যাগ করিতে পারিবে না অথবা স্টল বন্ধ করিয়া দিতে পারিবে না। এহেন করিলে পরবর্তী বৎসর অভিযুক্ত প্রতিষ্ঠান বইমেলায় অংশগ্রহণের জন্য অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

২১.১৩ ক. রাষ্ট্রভাষা আন্দোলনবিরোধী, মুক্তিযুদ্ধবিরোধী, বাঙালি জাতিসত্তাবিরোধী, জাতীয় নেতৃবৃন্দের প্রতি কটাক্ষমূলক, অশ্লীল, রুচিগর্হিত, শিষ্টাচারবিরোধী, সাম্প্রদায়িক, ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এহেন বা জননিরাপত্তার জন্য বা অন্যকোনো কারণে বইমেলার পক্ষে ক্ষতিকর কোনো বই বা পত্রিকা বা দ্রব্য অমর একুশে বইমেলায় বিক্রয়, প্রচার ও প্রদর্শন করা যাইবে না। একাডেমি বা পরিচালনা কমিটি যদি বইমেলায় কোনো বই, ম্যাগাজিন, লিফলেট বা ওই জাতীয় অন্যকোনো দ্রব্য বিশেষ কারণে বা উদ্ভূত পরিস্থিতিতে প্রচার বা প্রদর্শন বা বিক্রয় করা অসামঞ্জস্যপূর্ণ মনে করে তাহা হইলে কোনো অংশগ্রহণকারী তাহা প্রদর্শন বা প্রচার বা বিক্রয় করিতে পারিবে না। এই সিদ্ধান্ত কোনো অংশগ্রহণকারী মানিতে ব্যর্থ হইলে তাহার স্টল বরাদ্দ বাতিল হইবে। তাহার জমা দেওয়া টাকা ফেরত দেওয়া হইবে না এবং ভবিষ্যতে তিনি মেলায় অংশগ্রহণ করিতে পারিবেন কি-না সে বিষয়ে পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

খ. উল্লিখিত (ক) উপধারায় বর্ণিত কোনো অভিযোগে অভিযুক্ত হইয়া কোনো প্রতিষ্ঠান আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হইলে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য উক্ত প্রতিষ্ঠান বইমেলায় অংশগ্রহণের অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

২১.১৪ ক. বইমেলায় অমর একুশে, বাংলাদেশের স্বাধীনতা, মুক্তিযুদ্ধ ও সামাজিক মূল্যবোধের পরিপন্থি কোনো বই/পত্রিকা/ক্যাসেট/সিডি/ডিভিডি/পোস্টার ইত্যাদি সংরক্ষণ, প্রদর্শন বা বিক্রয় দণ্ডনীয় অপরাধ বলিয়া বিবেচিত হইবে।

খ. দেশি-বিদেশি কোনো পাইরেটকৃত বই প্রদর্শন বা বিক্রয় করা যাইবে না।

২১.১৫ পরিচালনা কমিটি যেকোনো সময় যেকোনো স্টল পরিদর্শন করিতে পারিবে এবং কমিটি যদি মনে করে যে, কমিটির সিদ্ধান্ত কোনো অংশগ্রহণকারী মানিয়া চলিতেছে না তাহা হইলে কমিটি সেই প্রতিষ্ঠানের বরাদ্দ তৎক্ষণাৎ বাতিল করিয়া দিতে পারিবে এবং তাহা করা হইলে অংশগ্রহণকারীকে পরিচালনা কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই বইমেলা প্রাঙ্গণ পরিত্যাগ করিতে হইবে এবং তিনি স্টল ভাড়ার টাকা ফেরত পাইবেন না। এইক্ষেত্রে পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।



২১.১৬ বইমেলায় কোনো প্রকাশক/স্টল মালিক পলিথিন ব্যাগ ব্যবহার করিতে পারিবেন না। বইমেলায় কাগজ, কাগজের ব্যাগ, চটের থলে, পাটের রশি ইত্যাদি দেশি পণ্য ব্যবহারকে উৎসাহিত করা হইবে।

২১.১৭ উদ্ভূত যেকোনো পরিস্থিতির কারণে পরিচালনা কমিটি বইমেলা শেষ হইবার পূর্বে অথবা সাময়িকভাবে/স্থায়ীভাবে বইমেলা বন্ধ ঘোষণা করিলে প্রকাশক/স্টল মালিককে এই কারণে একাডেমি কোনো প্রকার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে না বা কেউ এই কারণে একাডেমির কাছে কোনো প্রকার ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না এবং স্টল ভাড়া বাবদ গৃহীত অর্থ ফেরত দেওয়া হইবে না।

২১.১৮ যদি কোনো বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান বইমেলা উদ্‌বোধনের দিন পূর্ণাঙ্গভাবে তাহার স্টল চালু করিতে না-পারে তাহা হইলে তাহার স্টল বরাদ্দ বাতিল হইবে এবং উক্ত বৎসরে বইমেলায় অংশগ্রহণ করিতে পারিবে না। এইরূপ ক্ষেত্রে স্টল ভাড়া বাবদ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত বলিয়া গণ্য হইবে।

২১.১৯ প্রত্যেক অংশগ্রহণকারী 'বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৪' এবং পরিচালনা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মানিয়া চলিতে বাধ্য থাকিবেন–এই মর্মে অঙ্গীকারপত্র প্রদান করিবেন। এই ব্যবস্থা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং ইহার বিরুদ্ধে কোনো আপত্তি উত্থাপন করা যাইবে না।

**২২. লিটল ম্যাগাজিন (লিটলম্যাগ)**

২২.১ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী লিটল ম্যাগাজিন প্রকাশনা প্রতিষ্ঠান স্টল বরাদ্দ পাইবে। একাডেমির দায়িত্বপ্রাপ্ত একটি কমিটি আগ্রহীদের আবেদনপত্র যাচাই-বাছাই শেষে স্টল বরাদ্দের সুপারিশ করিবে।

২২.২ কোনো নির্দিষ্ট লিটল ম্যাগাজিন প্রতিষ্ঠানের নামে প্রাপ্ত স্টলে লিটল ম্যাগাজিন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে প্রকাশিত ম্যাগাজিন/পত্রিকা/বই প্রদর্শন ও বিক্রয় করিবে। অন্যকোনো প্রকাশকের বই প্রদর্শন ও বিক্রয় করা যাইবে না। অন্যথায় স্টল বন্ধ করিয়া দেওয়া হইবে।

**২৩. স্টল হস্তান্তর**

২৩.১ লটারির পরের দিন সকল অংশগ্রহণকারী তাহাদের স্টলের স্থান ও কাঠামো বুঝিয়া লইবেন।

২৩.২ বরাদ্দপ্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠানকে স্টল তৈরি ও সজ্জার কাজ অবশ্যই উক্ত বৎসরের ৩০শে জানুয়ারি সকাল ৬টার মধ্যে সম্পন্ন করিতে হইবে এবং উক্ত সময়ের মধ্যে মেলাপ্রাঙ্গণ হইতে অব্যবহৃত নির্মাণসামগ্রী সম্পূর্ণভাবে অপসারণ করিতে হইবে।

২৩.৩ পরিচালনা কমিটি বইমেলা প্রাঙ্গণ ৩০শে জানুয়ারি বেলা ১১:০০টায় পরিদর্শনপূর্বক চূড়ান্ত প্রস্তুতি নিশ্চিত করিবে।

## ২৪. বই বিক্রয় কমিশন

২৪.১ বাংলা একাডেমি প্রচলিত কমিশনে একাডেমির বই বিক্রয় করিবে।

২৪.২ বইমেলায় অংশগ্রহণকারী অন্যান্য প্রতিষ্ঠান ২৫% কমিশনে বই বিক্রয় করিবে।

## ২৫. বইমেলার সুযোগসুবিধা

২৫.১ বইমেলার প্রতিটি প্রবেশদ্বারে নিরাপত্তার স্বার্থে আর্চওয়ের ব্যবস্থা থাকিবে।

২৫.২ একাডেমি সমগ্র বইমেলা প্রাঙ্গণে মাইক/সাউন্ডসিস্টেম স্পিকারের ব্যবস্থা করিবে, যাহাতে কেবল বাংলা একাডেমি কর্তৃক নির্ধারিত বইমেলা বিষয়ক প্রয়োজনীয় ঘোষণা প্রদান এবং নতুন বইয়ের পরিচিতি প্রচার ও বিশেষ বিশেষ ক্ষেত্রে যন্ত্রসংগীত, নির্বাচিত কণ্ঠসংগীত, ধারণকৃত সিডি/ডিভিডি বাজানো হইবে।

২৫.৩ বইমেলায় প্রয়োজনীয় সংখ্যক তথ্যকেন্দ্র থাকিবে। তথ্যকেন্দ্র হইতে বইমেলা সম্পর্কিত ও নতুন বইয়ের তথ্য পাওয়া যাইবে।

২৫.৪ মেলা প্রাঙ্গণে একাডেমির নিজস্ব ক্যান্টিন ও একাডেমি কর্তৃক বরাদ্দকৃত খাবারের স্টল থাকিবে। কর্তৃপক্ষের অনুমোদিত নীতিমালা অনুযায়ী মানসম্মত খাবারের স্টল বরাদ্দ দেওয়া হইবে।

২৫.৫ বইমেলার প্রাথমিক চিকিৎসাকেন্দ্রে ডাক্তার ও অ্যাম্বুলেন্সের ব্যবস্থা থাকিবে।

২৫.৬ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করিবার লক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যেকোনো সময় কর্তৃপক্ষের সহিত আলোচনাসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

২৫.৭ বইমেলা চলাকালীন শৃঙ্খলা ও নিরাপত্তা পর্যবেক্ষণের জন্য একাডেমি ও প্রকাশক প্রতিনিধিদের সমন্বয়ে একটি 'শৃঙ্খলা কমিটি' গঠিত হইবে। কমিটি পর্যায়ক্রমে উক্ত বিষয়াদি তদারকি করিবে।

২৫.৮ বইমেলা প্রাঙ্গণে সার্বক্ষণিক দমকল বাহিনী প্রস্তুত থাকিবে।

২৫.৯ বইমেলা প্রাঙ্গণ সিসি ক্যামেরার আওতাভুক্ত থাকিবে। মেলাপ্রাঙ্গণ পর্যবেক্ষণের জন্য একটি কমিটি গঠন করা হইবে।

২৫.১০ যদি কোনো প্রতিষ্ঠান অতিরিক্ত নিরাপত্তার স্বার্থে নিজ স্টলে সিসি ক্যামেরা ব্যবহার করিতে চায় সেই ক্ষেত্রে কর্তৃপক্ষের লিখিত অনুমতি সাপেক্ষে স্ব-উদ্‌যোগে ও ব্যবস্থাপনায় পৃথক বৈদ্যুতিক সংযোগ ব্যবহারের মাধ্যমে তাহা করিতে পারিবে।

২৫.১১ নারী ও পুরুষের জন্য পৃথক ও প্রয়োজনীয় সংখ্যক টয়লেটের ব্যবস্থা থাকিবে।



২৫.১২ নারী ও পুরুষের নামাজের জন্য পৃথক ব্যবস্থা থাকিবে।

২৫.১৩ তথ্যকেন্দ্রসংলগ্ন স্থানে মা ও শিশু কর্নার থাকিবে।

২৫.১৪ বইমেলা প্রাঙ্গণে বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা থাকিবে।

২৫.১৫ নতুন বইয়ের মোড়ক উন্মোচনের জন্য 'নতুন বই উন্মোচন মঞ্চ' এই নামে একটি নির্দিষ্ট স্থানের ব্যবস্থা থাকিবে।

২৫.১৬ নতুন বই প্রচারণার জন্য ডিজিটাল ডিসপ্লের ব্যবস্থা থাকিবে।

২৫.১৭ বইমেলায় লেখক-পাঠকের মতবিনিময়ের জন্য নির্ধারিত স্থানের ব্যবস্থা থাকিবে।

২৫.১৮ বইমেলায় বয়স্ক ও বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তির জন্য হুইলচেয়ারের ব্যবস্থা থাকিবে।

২৫.১৯ ক্রয়কৃত বই কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নির্ধারিত হারে সার্ভিস ফি পরিশোধপূর্বক প্রত্যাশিত ঠিকানায় প্রেরণের জন্য একটি 'বই বুকিং কাউন্টার' থাকিবে।

## ২৬. তথ্যকেন্দ্র

ক. বইমেলায় প্রয়োজনীয় সংখ্যক তথ্যকেন্দ্র থাকিবে। তথ্যকেন্দ্র হইতে মেলা সংক্রান্ত তথ্য প্রচার করা হইবে।

খ. তথ্যকেন্দ্র হইতে নতুন বইয়ের তথ্য প্রচার করা হইবে। এইজন্য প্রকাশককে অবশ্যই তথ্যকেন্দ্র হইতে সরবরাহকৃত তথ্যফরম পূরণপূর্বক এক কপি বইসহ তথ্যকেন্দ্রে দায়িত্বরত কর্মকর্তার নিকট জমা প্রদান করিতে হইবে।

গ. তথ্যকেন্দ্র হইতে মানবিক আবেদন প্রচার করা যাইবে। এই বিষয়ে কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন রয়েছে।

ঘ. তথ্যকেন্দ্রে জমাদান ব্যতীত কোনো নতুন বই প্রদর্শন ও বিক্রয় করা যাইবে না। অন্যথায় পরিচালনা কমিটি/টাস্কফোর্স/কর্তৃপক্ষ উক্ত বইয়ের প্রদর্শন ও বিক্রয় বন্ধ করিতে পারিবে।

## ২৭. নতুন বই প্রদর্শনীর স্টল

২৭.১ প্রতিদিনের নতুন বই প্রদর্শনের জন্য একাডেমি প্রাঙ্গণে একটি 'নতুন বই প্রদর্শনী'র স্টল নির্মিত হইবে।

২৭.২ তথ্যকেন্দ্র হইতে প্রচারের জন্য যেই সকল নতুন বই জমা দেওয়া হইবে, প্রচার শেষে সকল বই 'নতুন বই প্রদর্শনী'র স্টলে প্রদর্শন করা হইবে। এই স্টল হইতেও নতুন বই সম্পর্কিত তথ্য জানা যাইবে। পরবর্তীকালে উক্ত বইসমূহ বাংলা একডেমি গ্রন্থাগারে সংরক্ষণ করা হইবে।

## ২৮. বই উন্মোচন মঞ্চ

২৮.১ বইমেলায় নতুন বইয়ের মোড়ক উন্মোচনের জন্য 'বই উন্মোচন মঞ্চ' থাকিবে। বই উন্মোচনের জন্য ন্যূনপক্ষে একদিন পূর্বে বইমেলার তথ্যকেন্দ্রে

দায়িত্বরত কর্মকর্তাকে অবহিত করিয়া নির্ধারিত ফরম পূরণপূর্বক বই উন্মোচনের তারিখ ও সময় জানিয়া লইতে হইবে।

২৮.২ প্রতিটি বই উন্মোচনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি একাডেমির তথ্যকেন্দ্রে দায়িত্বরত কর্মকর্তার নিকট জমা দিয়া রশিদ বুঝিয়া লইতে হইবে। রশিদ ব্যতীত বই উন্মোচন করা যাইবে না।

২৮.৩ একাডেমি কর্তৃক নির্ধারিত স্থানে জমাকৃত টাকার রশিদ প্রদর্শনপূর্বক সুশৃঙ্খলভাবে নতুন বই উন্মোচন করিতে হইবে। নির্ধারিত স্থান ব্যতীত অন্যকোনো স্থানে কোনোভাবেই বই উন্মোচন করা যাইবে না।

## ২৯. মিডিয়া

২৯.১ বইমেলা প্রাঙ্গণে একটি মিডিয়া সেন্টার থাকিবে।

২৯.২ অমর একুশে বইমেলার সহিত যুক্ত প্রিন্ট/ইলেক্ট্রনিক মিডিয়া একাডেমির জনসংযোগ উপবিভাগের সহিত সংযুক্ত থাকিবে।

২৯.৩ ইলেক্ট্রনিক মিডিয়া মেলাপ্রাঙ্গণ হইতে বইমেলার বিভিন্ন অনুষ্ঠান/আয়োজন কর্তৃপক্ষের লিখিত অনুমতি গ্রহণ সাপেক্ষে নির্দিষ্ট স্থান হইতে সরাসরি সম্প্রচার করিতে পারিবে।

২৯.৪ ইলেক্ট্রনিক মিডিয়া বইমেলার প্রচার ও প্রসারের জন্য সরাসরি সম্প্রচারের সময় ব্যাকড্রপে অমর একুশে বইমেলার লোগোর পাশাপাশি নিজস্ব প্রতিষ্ঠানের নাম ও লোগো প্রদর্শন করিবে।

## ৩০. লেখক বলছি মঞ্চ

বইমেলায় একটি 'লেখক বলছি মঞ্চ' থাকিবে। এই মঞ্চে প্রতিদিন নতুন বই সম্পর্কে লেখক-পাঠক-দর্শকের মধ্যে আলোচনা/মতবিনিময়/প্রশ্নোত্তর পর্ব চলিবে। কর্তৃপক্ষ বা পরিচালনা কমিটির নির্দেশনা অনুযায়ী এই মঞ্চ পরিচালিত হইবে।

## ৩১. চিত্তরঞ্জন সাহা স্মৃতি পুরস্কার

৩১.১ পূর্ববর্তী বৎসরে প্রকাশিত 'বিষয় ও গুণগত মানসম্মত' সর্বাধিক সংখ্যক বই প্রকাশের জন্য সংশ্লিষ্ট প্রকাশনা প্রতিষ্ঠানকে 'চিত্তরঞ্জন সাহা স্মৃতি পুরস্কার' প্রদান করা হইবে।

৩১.২ পুরস্কারের জন্য প্রকাশককে পূর্ববর্তী বৎসরে প্রকাশিত বই, মেলার প্রথম ১৫ (পনেরো) দিনের মধ্যে একাডেমির গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগের পরিচালকের দপ্তরে জমা প্রদান করিতে হইবে। একাডেমির তথ্যকেন্দ্র হইতে প্রচারের জন্য যেই সকল বই তালিকাভুক্ত হইবে না সেই সকল বই পুরস্কারের জন্য বিবেচিত হইবে না। বই জমা দেওয়ার সময় অন্তর্ভুক্ত তালিকার ফটোকপি জমা দিতে হইবে।



## ৩২. মুনীর চৌধুরী স্মৃতি পুরস্কার

৩২.১ পূর্ববর্তী বৎসরে প্রকাশিত বইয়ের মধ্য হইতে 'শৈল্পিক বিচার'-এ সেরা গ্রন্থের জন্য প্রকাশনা প্রতিষ্ঠানকে 'মুনীর চৌধুরী স্মৃতি পুরস্কার' (১ম, ২য় ও ৩য়) প্রদান করা হইবে।

৩২.২ পুরস্কারের জন্য প্রকাশককে পূর্ববর্তী বৎসরে প্রকাশিত বই (বিষয় ও গুণগত মানসম্পন্ন) বইমেলার প্রথম ১৫ (পনেরো) দিনের মধ্যে একাডেমির গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগের পরিচালকের দপ্তরে জমা প্রদান করিতে হইবে। একাডেমির তথ্যকেন্দ্র হইতে প্রচারের জন্য যেই সকল বই তালিকা ভুক্ত হইবে না, সেই সকল বই পুরস্কারের জন্য বিবেচিত হইবে না। বই জমা দেওয়ার সময় অন্তর্ভুক্ত তালিকার ফটোকপি জমা দিতে হইবে।

## ৩৩. রোকনুজ্জামান খান দাদাভাই স্মৃতি পুরস্কার

৩৩.১ পূর্ববর্তী বৎসরে প্রকাশিত শিশুতোষ গ্রন্থের মধ্য হইতে 'গুণগতমান বিচার'-এ সর্বাধিক সংখ্যক বইয়ের জন্য সংশ্লিষ্ট প্রকাশনা প্রতিষ্ঠানকে 'রোকনুজ্জামান খান দাদাভাই স্মৃতি পুরস্কার' প্রদান করা হইবে।

৩৩.২ পুরস্কারের জন্য প্রকাশককে পূর্ববর্তী বৎসরে প্রকাশিত শিশুতোষ বই, মেলার প্রথম ১৫ (পনেরো) দিনের মধ্যে একাডেমির গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগের পরিচালকের দপ্তরে জমা প্রদান করিতে হইবে। একাডেমির তথ্যকেন্দ্র হইতে প্রচারের জন্য যেই সকল বই জমা দেওয়া হইবে না সেই সকল বই পুরস্কারের জন্য বিবেচিত হইবে না। পুরস্কারের জন্য বই জমা দেওয়ার সময় অন্তর্ভুক্ত তালিকার ফটোকপি জমা দিতে হইবে।

## ৩৪. শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি পুরস্কার

বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানের মধ্য হইতে স্টলের 'নান্দনিক অঙ্গসজ্জা'য় সর্বশ্রেষ্ঠ হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানকে 'শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি পুরস্কার' প্রদান করা হইবে।

## ৩৫. বই বিক্রয়ের তথ্য

প্রত্যেক প্রকাশনা প্রতিষ্ঠান বইমেলায় মোট কত টাকার বই বিক্রয় করিয়াছে সেই সম্পর্কিত তথ্য একাডেমি কর্তৃক সরবরাহকৃত তথ্যফরম পূরণ করিয়া ২৬শে ফেব্রুয়ারি পরিচালনা কমিটির সদস্যসচিবের নিকট জমা প্রদান করিবে।

## ৩৬. ধূমপানমুক্ত ও পরিবেশবান্ধব বইমেলা

বইমেলা প্রাঙ্গণ ধূমপানমুক্ত ও পরিবেশবান্ধব এলাকা হিসেবে বিবেচিত হইবে। মেলা প্রাঙ্গণ ধূমপানমুক্ত ও পরিবেশ দূষণমুক্ত রাখিতে অংশগ্রহণকারী সকল

প্রতিষ্ঠান, প্রকাশক, ক্রেতা, বিক্রেতা, দর্শক ও উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কাম্য (তথ্যকেন্দ্র হইতে এই বিষয়ে জনসচেতনতামূলক ঘোষণা প্রচারিত হইবে)।

**৩৭. বিবিধ**

৩৭.১ বইমেলা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে 'নীতিমালা বাস্তবায়ন উপকমিটি' গঠন করা হইবে। পরিচালনা কমিটির সভাপতি প্রয়োজনে এক বা একাধিক উপকমিটি গঠন করিতে পারিবেন।

৩৭.২ স্পন্সর প্রতিষ্ঠান পরিচালনা কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে তাহাদের স্টল নির্মাণ করিবে।


৩৭.৩ পরিচালনা কমিটি বা কমিটির সভাপতি বিশেষ বিবেচনায় রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ, শিক্ষামূলক, নিরাপত্তাবাহিনী, গণমাধ্যম ও অন্যকোনো প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দ প্রদান করিতে পারিবেন।

৩৭.৪ বইমেলা ব্যবস্থাপনা, পরিচালনা ও নিরাপত্তার কাজে যাহারা নিয়োজিত থাকিবেন, প্রত্যেক প্রকাশনা প্রতিষ্ঠান/অংশগ্রহণকারী তাহাদেরকে সহযোগিতা করিবেন।

৩৭.৫ এই নীতিমালাভুক্ত কোনো অনুচ্ছেদের কোনো বক্তব্য দ্ব্যর্থবোধক মনে হইলে তৎসম্পর্কে পরিচালনা কমিটি প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৩৭.৬ এই নীতিমালায় অনুল্লিখিত যেকোনো বিষয়ে পরিচালনা কমিটি প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৩৭.৭ এই নীতিমালার যেকোনো ধারা, উপধারা পরিবর্ধন, পরিমার্জন বা সংশোধনের ক্ষেত্রে 'নির্বাহী পরিষদ' সর্বদা সর্বময় ক্ষমতা সংরক্ষণ করিবে।



মহাপরিচালক
বাংলা একাডেমি, ঢাকা



বাংলা একাডেমি
বাঙালি জাতিসত্তা ও বুদ্ধিবৃত্তিক উৎকর্ষের প্রতীক

পরিচালক (চলতি দায়িত্ব), বিক্রয়, বিপণন ও পুনর্মুদ্রণ বিভাগ, বাংলা একাডেমি, ঢাকা কর্তৃক প্রকাশিত। বাংলা একাডেমি প্রেস, বাংলা একাডেমি, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ওয়েবসাইট : www.banglaacademy.gov.bd

প্রকাশকাল : জানুয়ারি ২০২৪